



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫৮.২৪.৪৫২

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১

০৯ মে ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৪০৩৩/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৪০৩৩/২০২৪-এর ২৭/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলা পরিষদ-এর উপ-নির্বাচন, ২০২৪-এ সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণের লক্ষ্যে জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক-এর দাখিলকৃত মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল এবং তার আপিল নামঞ্জুর করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৪০৩৩/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং জেলা প্রশাসক, লালমনিরহাট-কে ৩নং প্রতিপক্ষসহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৪০৩৩/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8904/potrojariAttachmentRef/54073/0/2240)

৯-৫-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫৮.২৪.৪৫২/১(৫)

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১

০৯ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৯-৫-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (ব্লুটিন দায়িত্ব)